# নৌকা বাদ রেখে ১২০ নির্বাচনী প্রতীক চূড়ান্ত করল ইসি




ছবি: সংগৃহীত

আসন্ন সংসদ নির্বাচনের জন্য ‘নৌকা’ প্রতীক স্থগিত রেখেই মোট ১২০টি প্রতীক চূড়ান্ত করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর মধ্যে ‘না’ ভোটের জন্য একটি প্রতীকও রাখা হয়েছে।

বুধবার (১৬ সেপ্টেম্বর) প্রকাশিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এতে নির্বাচন পরিচালনা বিধিমালার বিধি ৯-এর উপবিধি ১ সংশোধন করে করণীয় ভুল সংশোধনের কথা উল্লেখ করা হয়েছে।

নতুন বিধান অনুযায়ী ১২০টি প্রতীকের মধ্যে ৬০টি নিবন্ধিত রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত থাকবে। বাকি প্রতীকগুলো প্রাপ্যতা অনুযায়ী স্বতন্ত্র প্রার্থীদের বরাদ্দ দেওয়া যাবে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, তালিকায় থাকা স্থগিত প্রতীক ‘নৌকা’ এবং ‘না’ ভোটের প্রতীক ছাড়া অন্য প্রতীকগুলো প্রাপ্যতা সাপেক্ষে বরাদ্দ করা যাবে। সংশোধিত বিধানে ‘না’ ভোটের প্রতীককে এই নিষেধাজ্ঞার বাইরে রাখা হয়েছে।

LENS ASIA

এর আগে বিধিমালায় ‘নৌকা’ ও ‘না’ ভোটের প্রতীকসহ নির্দিষ্ট প্রতীকগুলো বরাদ্দ না দেওয়ার বিষয়টি উল্লেখ ছিল। ইসি জানিয়েছে, ‘না’ ভোটের প্রতীক বরাদ্দের ক্ষেত্রে ওই অংশটি রাখা ছিল করণীয় ভুল। সংশোধনের মাধ্যমে বিষয়টি ঠিক করা হয়েছে।